দৈনিক ইনকিলাব

তারিখ... 3 MAY 2005
পৃষ্ঠা - ১ কলাম - ৬

# গতকালও ঢাবি ছিল মিছিলে উত্তাল

## ভিসি অফিস ঘেরাও : ছাত্রদলের হামলাকারীদের শাস্তি দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্ট ঃ সহপাঠি হারানোর বেদনা মিশ্রিত ক্ষোভ এবং চারুকলায় আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের ওপর ছাত্রদলের হামলার প্রতিবাদে গতকাল ও ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছিল মিছিল-সমাবেশে উত্তাল। ছাত্রলীগের নেতৃত্বাধীন সন্ত্রাস ও সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্র সংগঠন চারুকলায় ভিসি প্রক্টরের উপস্থিতিতে চারুকলায় ছাত্র-ছাত্রীদের ওপর ছাত্রদলের হামলার প্রতিবাদে ভিসি অফিস ঘেরাও কর্মসূচী পালন করে। ঢাকা বিশ্ববিদ্যালয় পঞ্চগড় স্টুডেন্টস এসোসিয়েশন, প্রগতিশীল ছাত্রজোট, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, নির্যাতনবিরোধী ছাত্র-ছাত্রীবৃন্দ ছাত্রদল ক্যাডারদের হামলা এবং প্রক্টরের পদত্যাগের দাবীতে ক্যাম্পাসে শোক র‍্যালি, মিছিল, সমাবেশ করেছে। সমাবেশে বক্তারা বলেন, ভিসি, প্রোভিসি ও প্রক্টরের প্রত্যক্ষ নির্দেশেই চারুকলায় ছাত্র-ছাত্রীদের উপর

১৮-এর পৃঃ ৬-এর কঃ দেখুন





ইনকিলাব ঃ গতকাল ঢাঃ বিঃ ক্যাম্পাসে নিহত ছাত্রী হ্যাপির হত্যাকারীদের শাস্তির দাবীতে ছাত্রলীগের মিছিল। (ডানে) সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের বিক্ষোভ

# ঢাবি ছিল মিছিলে উত্তাল

প্রথম পৃষ্ঠার পর

ছাত্রদল ক্যাডাররা হামলা করেছে, সুতরাং যে প্রশাসনের নির্দেশে ছাত্র-ছাত্রীদের উপর হামলা হয় তারা বিশ্ববিদ্যালয় পরিচালনায় অযোগ্য। তাদের পদত্যাগ করা উচিত। সরকারী ছাত্রসংগঠন জাতীয়তাবাদী ছাত্রদলের ভিসি প্রক্টরের উপস্থিতিতে এই নগ্ন হামলার মধ্য দিয়ে প্রমাণ হলো জাতীয় ক্ষেত্রে সরকার যেমন সাধারণ মানুষকে নিজেদের শত্রু মনে করছে ঠিক তেমনি ছাত্রদলও শিক্ষাঙ্গনে সাধারণ ছাত্র-ছাত্রী ও ছাত্র সংগঠনগুলো নিজেদের শত্রু মনে করছে। সমাবেশে বক্তারা, অবিলম্বে হামলার সাথে জড়িতদের গ্রেফতার ও শাস্তির দাবী জানান। সমাবেশে ভিসি-প্রক্টরের উপস্থিতিতে ছাত্রদল ক্যাডারদের দফায় দফায় হামলার তীব্র নিন্দা করে দোষীদের বিচার ও শাস্তির দাবী করেছেন। অপরদিকে, হ্যাপির মৃত্যুর ঘটনাকে পুঁজি করে ছাত্রলীগ ও বাম ছাত্রসংগঠন গুলো ক্যাম্পাসকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের অভিযোগ করে ছাত্রদল মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলন করেছে। গতকাল ক্যাম্পাসে রিকশা ব্যতীত ভারী যানবাহন চলাচল করেনি। ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পুলিশ শাহবাগ মোড় ও টিএসসি অবস্থান নিলেও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

সকাল ১১টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় পঞ্চগড় স্টুডেন্টস এসোসিয়েশন হ্যাপির স্মরণে ক্যাম্পাসে শোকর‍্যালি বের করে।

র‍্যালিটি কলাভবনের সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে হ্যাপির মৃত্যুর সাথে জড়িতদের শাস্তির দাবীতে স্মারকলিপি পেশ করে সাড়ে ১১টার দিকে নির্যাতনবিরোধী ছাত্র-ছাত্রীবৃন্দ ভিসি-প্রক্টরের পদত্যাগ এবং চারুকলায় ছাত্রদলের ন্যাক্কারজনক হামলার প্রতিবাদে ডাকসু ক্যাফেটেরিয়া আমরুল তলায় প্রতিবাদ সমাবেশ করেছে। সমাবেশে নির্যাতনবিরোধী ছাত্র-ছাত্রীদের সাথে সংহতি প্রকাশ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আনু মোহাম্মদ, ঢাবি শিক্ষক ড. গোবিন্দ চক্রবর্তী। পরে তারা ক্যাম্পাসে বিশাল প্রতিবাদ মিছিল বের করে এবং প্রক্টরের কুশপুত্তলিকা দাহ করে।

দলের সমর্থনে নগ্ন হামলার মত এমন রাজনৈতিক অপতৎপরতা দেশের সুদূরপ্রসারী অশুভের ইঙ্গিত দেয়।

### ছাত্রদলের সংবাদ সম্মেলন

এদিকে বিকেলে হ্যাপির মৃত্যুর ঘটনায় ছাত্রলীগ এবং বাম ছাত্র সংগঠন কর্তৃক ক্যাম্পাসকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের অভিযোগ করে বিকেলে মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলন করে। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ঢাবি শাখার সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সংসদের সভাপতি আজিজুল বারী হেলাল, সাধারণ সম্পাদক শফিউল বারী বাবু, সহ-সভাপতি সুলতান সালাউদ্দিন টুকু, মোস্তফা খান সফরী, নুরুল ইসলাম নয়ন, সাংগঠনিক সম্পাদক আঃ কাদের ভূঁইয়া জুয়েল, ঢাবি শাখার সভাপতি হাসান মামুন, সহ-সভাপতি মামুনুর রশীদ, যুগ্ম-সম্পাদক আকরাম হোসেন, সাংগঠনিক সম্পাদক ওবায়দুল হক নাসির প্রমুখ।

সংবাদ সম্মেলনে ছাত্রদল নেতৃবৃন্দ চারুকলায় হামলার ঘটনার সাথে তাদের সম্পৃক্ততার কথা অস্বীকার করেন। নেতৃবৃন্দ বলেন, ছাত্রদল চারুকলায় অবস্থানরত ভিসির কাছে তাদের দাবী-দাওয়া পেশ করতে গেলে সেখানে অবস্থানরত বিভিন্ন ছাত্র সংগঠনের নেতা-কর্মীরা ছাত্রদল নেতৃবৃন্দকে ভিসির কাছে যেতে বাধা দেয়। একপর্যায়ে ঐ ছাত্র সংগঠনসমূহের এক নেতা বিশ্ববিদ্যালয় শাখার এক শীর্ষ নেতাকে শারীরিকভাবে লাঞ্ছিত করলে সাধারণ ছাত্র-ছাত্রীরা তাদের প্রতিহত করে। ছাত্রদল এ ঘটনার সাথে সম্পৃক্ত নয়।

একই দাবীতে সাড়ে ১১টার দিকে ছাত্রলীগের নেতৃত্বাধীন ছয়টি ছাত্র সংগঠনের সন্ত্রাস ও সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্র সংগঠন চারুকলায় ছাত্রদলের হামলার বিচার, প্রক্টরের অপসারণ, হতাহতদের ক্ষতিপূরণ এবং ভারী যানবাহন চলাচল বন্ধের দাবীতে ভিসি অফিস ঘেরাও কর্মসূচী পালন করে। এ সময় ছাত্রলীগ সভাপতি লিয়াকত শিকদার, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু, সহ-সভাপতি বলরাম পোদ্দার, জাসদ ছাত্রলীগ শরিফুল কবীর স্বপন প্রমুখ বক্তব্য রাখেন। পরে তারা ভিসি বরাবর স্মারকলিপি প্রদান করে।

একই দাবীতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও প্রগতিশীল ছাত্রজোটও মিছিল-সমাবেশ করেছে। সমাবেশে ছাত্রলীগ সভাপতি লিয়াকত শিকদার বলেন, ছাত্র-[illegible] [illegible] মোকাবিলায় [illegible]

সংবাদ সম্মেলনে ছাত্রদল আজিজুল বারী হেলাল বলেন, প্রক্টর তখনই পদত্যাগ করতে পারেন যখন সাধারণ ছাত্র-ছাত্রীদের স্বার্থকে অবজ্ঞা করা হয়। কিন্তু ছাত্র সংগঠন চাইলে প্রক্টর পদত্যাগ করতে পারেন না।

এদিকে সংবাদ সম্মেলনে প্রক্টর অফিস ভাঙচুরকারীদের শাস্তি, ক্যাম্পাসে ভারী যান চলাচল বন্ধ এবং দায়ী পুলিশদের শাস্তির দাবী জানিয়েছেন।

### বিভিন্ন সংগঠনের নিন্দা

গত রবিবার চারুকলায় আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের উপর হামলার নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছে বিভিন্ন সংগঠন। বিবৃতিদাতা সংগঠনগুলো হল- সুপ্রীমকোর্ট বার এসোসিয়েশন, আইন ও সালিশ কেন্দ্র (আসক), বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র নেতৃবৃন্দ, জাসদ, জাসদ ছাত্রলীগ, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট।

### আজকের কর্মসূচী

হ্যাপি নিহত হওয়ার ঘটনায় এবং চারুকলায় ছাত্রদলের হামলার প্রতিবাদে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ভিসি বরাবর স্মারকলিপি পেশ করবে এবং সারাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ সমাবেশ করবে